বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

**২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৮৯তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **২৯ সেপ্টেম্বর ২০২৪** |
| সভার সময় | **দুপুর ২.৩০ টা** |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক সেপ্টেম্বর ২৪ মাসের/৮৯তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। শুরুতে তিনি সম্প্রতি উপমহাব্যবস্থাপক পদে পদোন্নতিপ্রাপ্ত জনাব মোঃ শাহাবুদ্দিন এবং জনাব দিল আফরোজা-কে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে বর্তমান পদে নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। এছাড়া, ব্যবস্থাপক পদে একই সাথে পদোন্নতি প্রাপ্ত ৩জন কর্মকর্তার প্রতিও সভার মাধ্যমে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। কোম্পানি সচিব দাপ্তরিক প্রয়োজনে ঢাকা থেকে অনলাইনে সভায় অংশগ্রহণ করায় ব্যবস্থাপনা পরিচালক সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য উপমহাব্যবস্থাপক (জনসংযোগ)-কে অনুরোধ জানালে তিনি বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ২.১। | গ্যাস ফ্লো মিটারিং ব্যবস্থা কম্পিউটারাইজড করার লক্ষ্যে ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন। | সভাকে অবহিত করা হয় যে, গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে দরপত্র আহ্বানের নিমিত্ত সংশ্লিষ্ট কমিটি কর্তৃক টেন্ডার প্রণয়ন করা হয়েছে। উক্ত ডকুমেন্টস্-এর আর্থিক বিষয়াবলী অর্থ ও হিসাব ডিভিশন কর্তৃক পর্যালোচনা করে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | গ্যাস ফ্লো-এর মিটারিং ব্যবস্থায় ফ্লো-কম্পিউটার কার্যকরীকরণ/স্থাপন বিষয়ে প্রণীত টেন্ডার ডকুমেন্টস্-এর আর্থিক বিষয়াবলী অর্থ ও হিসাব ডিভিশন কর্তৃক পর্যালোচনা করে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৩.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রথমে তিতাস-জি লোকেশনে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে আনুষঙ্গিক সিভিল কাজ সম্পাদিত হচ্ছে। পাশাপাশি তিতাস-ই লোকেশনে ট্যাংক নির্মাণ কাজ চলমান আছে। বৈদেশিক মালামাল সাইটে পৌঁছেছে। | "তিতাস লোকেশন-ই এবং জি তে ওয়েলহেড কম্প্রেসর স্থাপন" প্রকল্প সুষ্ঠুভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.২। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের অধীনে ১টি কূপ (তিতাস-১৪) এর ওয়ার্কওভার সম্পন্ন হয়েছে। পরবর্তীতে হবিগঞ্জ-৫ নং কূপের ওয়ার্কওভারের পরিকল্পনা গ্রহণ করা হলেও সম্প্রতি প্রচন্ড বৃষ্টিজনিত পাহাড়ী ঢলে যোগাযোগ সড়কের একটি ব্রিজ ধ্বসে যাওয়ায় বর্তমানে তিতাস-১৬নং কূপের ওয়ার্কওভারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে রিগ ফাউন্ডেশনসহ আনুষঙ্গিক সিভিল ওয়ার্কস্ চলমান আছে। অপরদিকে সংশ্লিষ্ট গ্যাস ফ্লো-লাইনের মডিফিকেশন কাজ একটি সুবিধাজনক সময়ে ওয়েল শাট ডাউন করে সম্পাদন করার প্রয়োজন হবে মর্মে সভায় জানানো হয়। এছাড়া, ৬টি শিপমেন্টকৃত ফরেন ম্যাটেরিয়েলস্ এর মধ্যে ২টির মালামাল ইতোমধ্যে সাইটে পৌঁছেছে। অক্টোবরের শেষ দিকে তিতাস-১৬নং কূপের ওয়ার্কওভার শুরু করা যাবে বলে আশা করা যাচ্ছে। | তিতাস-১৬নং কূপের ওয়ার্কওভার যথাসময়ে শুরু করার লক্ষ্যে সংশ্লিষ্ট কার্যাবলী দ্রুত সম্পাদন করতে হবে। দেশের গ্যাস চাহিদার প্রেক্ষাপট বিবেচনায় রেখে সুবিধাজনক সময়ে ওয়েল শাট ডাউন করতে হবে এবং দ্রুততম সময়ে ফ্লো-লাইন মডিফিকেশন কাজ সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৩.৩। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করেন যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পেট্রোবাংলার কর্মপরিকল্পনার আওতায় ২০২৫ সালের মধ্যে সম্পাদিতব্য ৫০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমে বিজিএফসিএল-এর ৮টি কূপের ওয়ার্কওভার ও ৬টি কূপ ড্রিলিং (২টি ডিপ-ড্রিলিং) অন্তর্ভুক্ত আছে। এছাড়া, ২০২৬-২৮ মেয়াদে সম্পাদিতব্য ১০০টি গ্যাস কূপের উন্নয়ন কার্যক্রমের মধ্যে বিজিএফসিএল-এর ১২টি কূপের ওয়ার্কওভার ও ৯টি কূপ ড্রিলিং রয়েছে। এক্ষেত্রে, সার্বিক অবস্থা বিবেচনায় বর্তমানে তিতাস-১৫নং কূপের ওয়ার্কওভারের বিষয়টি বিবেচনা করা হচ্ছে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | তিতাস-১৫নং কূপের ওয়ার্কওভারের বিষয়ে দিক নির্দেশনা প্রত্যাশা করে পেট্রোবাংলা বরাবর পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| | **বর্তমানে প্রস্তাবিত ৩টি প্রকল্প রয়েছে যেগুলোর সার্বিক অবস্থা নিম্নরূপ:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরি: ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য একনেক-এ প্রেরণ করা হয়েছে। কোম্পানির পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে নির্বাচিত ঠিকাদারগণ বরাবর RFA প্রদান করা হয়েছে। অপরদিকে বাপেক্স কর্তৃক মালামাল ক্রয়ের টেন্ডারিং কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এ মৌসুমে কাজটি সম্পাদনের জন্য বাপেক্স-কে পত্র প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প সমন্বয়ক |
| | খ) তিতাস ও কামতা ফিল্ডে ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্প। | সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি এবং কামতা ফিল্ডে ১টি সর্বমোট ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন করা হবে। জ্বাখসবি ও পেট্রোবাংলা হতে উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে খনন কাজ সম্পাদনের লক্ষ্যে সিদ্ধান্ত পাওয়া গেলে জরুরি ভিত্তিতে ব্যবস্থা নেয় হবে। | জ্বাখসবি ও পেট্রোবাংলা হতে উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহ্বান করে খনন কাজ সম্পাদনের লক্ষ্যে সিদ্ধান্ত পাওয়া গেলে জরুরি ভিত্তিতে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | গ) তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্প। | প্রকল্প সমন্বয়ক সভাকে অবহিত করেন যে, তিতাস ও বাখরাবাদ ফিল্ডে ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদনাধীন আছে। টার্ণ-কি ভিত্তিতে কার্য সম্পদানের জন্য ঠিকাদার নিয়োগ সংক্রান্ত দরপত্র বাপেক্স কর্তৃক প্রকাশিত হয়েছে। দরপত্র দাখিলের শেষ তারিখ ৪-১১-২০২৪। | ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের ডিপিপি অনুমোদন, ভূমি অধিযাচন/হুকুম দখল ও উন্নয়ন বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। পাশাপাশি, বাপেক্স-এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। | |
| ৩.৪। | প্রকল্প মালামালের স্টোর ব্যবস্থাপনা। | বিগত সমন্বয় সভার নির্দেশনার আলোকে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পিডি এবং পিসিগণ কর্তৃক প্রকল্পের মালামাল তিতাস-সি লোকেশনের ৪টি স্টোরে সংরক্ষণের বিষয়ে একটি সম্মিলিত কর্মপরিকল্পনা প্রণয়ণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। তদনুযায়ী সাম্প্রতিক প্রকল্প মালামাল যথাযথভাবে সংরক্ষণ করা যাবে বলে আশা করা যাচ্ছে। তবে, সদ্য সমাপ্ত কম্প্রেসর প্রকল্পের Left-over মালামাল যথাযথ সংরক্ষণ, ব্যবহার অযোগ্য কেমিক্যাল ডিসপোজাল এবং Left-over প্লাস্টিক ড্রামসমূহ অপসারণের বিষয়ে সভায় দিকনির্দেশনা প্রত্যাশা করা হয়। | বাস্তবায়নাধীন প্রকল্পের মালামাল যথাযথ সংরক্ষণে প্রয়োজনীয় কর্মপরিকল্পনা ও কার্যব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>স্টোরস-এর ব্যবহার অযোগ্য কেমিক্যাল ডিসপোজালের বিষয়ে সমন্বয় সভায় গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।<br><br>Left-over প্লাস্টিক ড্রামসমূহ ফ্রেমওয়ার্ক বেইজ টেন্ডারিংয়ের মাধ্যমে অপসারণের বিষয়ে এসটিআইসি বিভাগ কর্তৃক সুনির্দিষ্ট প্রস্তাবনা প্রণয়ন করে মহাব্যবস্থাপকগণের সভায় দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি)/(প্রশাসন) এবং<br>উপমহাব্যবস্থাপক (ট্রান্সপোর্ট)/(এসটিআইসি) ও সংশ্লিষ্ট পিডি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৫। | ফিল্ডসমূহের জন্য Fire License সংগ্রহ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের অংশ হিসেবে নিয়োজিত থার্ড পার্টি কর্তৃক প্রণীত Fire Plan সরকারি অনুমোদনের জন্য দাখিল করবে। এক্ষেত্রে নির্ধারিত ফরম ও চুক্তিপত্রে কোম্পানির পক্ষে স্বাক্ষর করতে হচ্ছে। এ বিষয়ে সভার দিক নির্দেশনা প্রত্যাশা করা হয়। | প্রধান কার্যালয়ের জন্য Fire License সংগ্রহের অংশ হিসেবে নিয়োজিত থার্ড পার্টি কর্তৃক প্রণীত Fire Plan সরকারি অনুমোদনের জন্য দাখিলের নিমিত্ত সংশ্লিষ্ট চুক্তিপত্রে যথারীতি কোম্পানি সচিব এবং নির্ধারিত ফরমে কোম্পানির পক্ষে (ভবনের মালিক হিসেবে) উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস) স্বাক্ষর করবেন। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৩.৬। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC শীঘ্রই পাওয়া যেতে পারে। বাখরাবাদ ফিল্ডের ECC সংগ্রহের অংশ হিসেবে ETP স্থাপন করা হচ্ছে। বর্তমানে ETP স্থাপন বিষয়ে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি মূল্যায়ন চলছে। | বাখরাবাদ ফিল্ডে ETP স্থাপন বিষয়ে প্রাপ্ত দরপত্রসমূহের কারিগরি মূল্যায়ন ও আর্থিক মূল্যায়ন শেষে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.৭। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সচেষ্ট আছে। অপরদিকে APA এর ফাইভ টুলস্ NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, Citizen Charter এবং RTI এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিসমূহ কাজ করছে। আলোচনাকালে RTI এর ফোকাল পয়েন্ট উপমহাব্যবস্থাপক (কম্প্রেসর মেইনটেন্যান্স) RTI-এ শতভাগ নম্বর অর্জনের জন্য ১৫ অক্টোবরের মধ্যে কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | APA এর ২০২৪-২৫ অর্থবছরের প্রতিশ্রুত লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।<br><br>১৫ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে কোম্পানির ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৮। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম। | সভাকে অবহিত করা হয় যে, এ বছরের জন্য গৃহীত উদ্ভাবনী (Innovation) কার্যক্রম Gas production Report Automation বাস্তবায়নের লক্ষ্যে করনীয় সংক্রান্ত একটি প্রেজেন্টেশন প্রণয়ন করা হচ্ছে। কর্মপরিকল্পনা অনুমোদন সাপেক্ষে তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের মাধ্যমে উদ্ভাবনী (Innovation) কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে।<br><br>ডি-নথির মাধ্যমে কোম্পানির কার্যক্রম পরিচালনার জন্য সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি প্রায় সকল কার্যক্রম ডি-নথিতে সম্পাদিত হচ্ছে। | উদ্ভাবনী (Innovation) কার্যক্রম Gas production Report Automation বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম আরও বাড়াতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৪.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৪.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও Right of way সংরক্ষণ: | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ক) প্রধান কার্যালয় গোকর্ণঘাট এলাকা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়-গোকর্ণঘাট এলাকার Right of Way তে স্থায়ী পিলার বসানোর জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। বর্ষার পানি নেমে গেলে এবং বৃষ্টি-বাদলা শেষ হলে এস্টেট বিভাগের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে স্থায়ী পিলার বসানো হবে। তাছাড়া, ভূমি দখলমুক্ত করার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সহযোগিতা নিতে হবে। | বর্ষা শেষ হলে এবং বর্ষার পানি নেমে গেলে এস্টেট বিভাগের মাধ্যমে মাপ-জোক সম্পন্ন করে Right of Way তে স্থায়ী পিলার বসানোর কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>Right of Way-তে থাকা স্থাপনাসমূহ উচ্ছেদে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/(এস্টেট)/(নিরাপত্তা) |
| | খ) কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের মেইন গেট সংলগ্ন ভূমির মাপ-জোক সম্পন্ন হয়েছে। ফিল্ডের ভূমিসমূহ ও Right of Way-র মাপ-জোকের কাজ সম্পাদন করতে হবে। মাপ-জোকের ক্ষেত্রে ভূমিসমূহের রেকর্ড হালনাগাদ করার প্রয়োজনীয়তা পরিলক্ষিত হয়। | কামতা ফিল্ডের Right of way-সহ ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদ কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (সিভিল)/(এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| | গ) বাখরাবাদ ফিল্ড সংলগ্ন কোম্পানির ভূ-সম্পত্তি। | আলোচনাকালে উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) সভাকে অবহিত করেন যে, গোমতী নদীর তীরে অবস্থিত কোম্পানির ভূমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। এছাড়া, ফিল্ডের লোকেশন-সি থেকে লোকেশন-এ পর্যন্ত Right of Way-টি ডিপ ওয়েল ড্রিলিং কালে ব্যবহৃত হবে বিধায় উক্ত ভূমির ডিমার্কেশন ও স্থায়ী সীমানা পিলার স্থাপন করা প্রয়োজন। | • গোমতী নদীর তীর সংলগ্ন কোম্পানির ভূমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।<br><br>• বাখরাবাদ-সি থেকে লোকেশন-এ পর্যন্ত Right of Way-র ডিমার্কেশন এস্টেট বিভাগের সহায়তা নিয়ে ফিল্ড ইনচার্জ কর্তৃক সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (টিএস) এবং উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| | ঘ) নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় দালান-কোঠা পুনর্নির্মাণ। | সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগে ভূমি অধিগ্রহণ হওয়ায় সংশ্লিষ্ট দালানকোঠা পুনর্নিমাণ সংক্রান্ত ডিজাইন-ড্রইং এবং ব্যয়ের প্রাক্কলন সম্পন্ন হয়েছে। সরকার হতে রিক্যুইজিশন পেমেন্ট প্রাপ্তির পর দ্রুত পুনর্নিমাণ কাজ শুরু করার পরিকল্পনা আছে। | সরকার হতে নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত অর্থ প্রাপ্তির পর দ্রুত পুনর্নিমাণ কাজ শুরু করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| ৪.২। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করা। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে বেশ কিছু ভূ-সম্পত্তির বিএস রেকর্ড সম্পাদন করা হয়েছে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| **৫.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৫.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, কাস্টমাইজড সফটওয়্যারসমূহ, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক চুড়ান্তকরণ সাপেক্ষে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/(পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৩টি কমিটির প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। এমতাবস্থায়, মালামালসমূহ অবলোপনের পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণের বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৫.৩। | কোম্পানির স্ক্র্যাপ মালামাল অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার স্মারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। | বিভিন্ন ফিল্ডের স্ক্র্যাপ মালামাল আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার স্মারণী অনুসরণপূর্বক অপসারণ করে ফিল্ড/স্থাপনাসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) |
| ৬.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৬.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্তের কোনরূপ পরিবর্তন/ সংশোধনের প্রয়োজন হলে এ বিষয়ে লিখিত আবেদন ডিভিশনাল প্রধানের মাধ্যমে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন) |
| ৬.২। | কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ সংশোধন প্রস্তাবনা মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব দ্রুত মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৬.৩। | হাই প্রেশার ওয়েল্ডার এবং হেভি ভেহিক্যাল ড্রাইভার পদে দক্ষ জনশক্তি তৈরি। | উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ) সভাকে অবহিত করেন যে, হেভি ভেহিক্যাল ড্রাইভার হিসেবে দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে ১টি প্রশিক্ষণ চলমান আছে। এছাড়া, হাই প্রেশার ওয়েল্ডার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের জন্য TICI বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। | হাই প্রেশার ওয়েল্ডিং সংক্রান্ত প্রশিক্ষণ দ্রুত আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) |
| ৬.৪। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখা। | কোম্পানির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার স্বার্থে কোম্পানির কেন্দ্রীয় নিরাপত্তা কমিটির সভা আয়োজন এবং পরিদর্শন কার্যক্রম প্রতিমাসে সম্পাদন করা প্রয়োজন। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিকতর তৎপর হতে হবে। আইপি ক্যামেরাসমূহ সার্বক্ষণিক সচল রাখতে হবে। বৈদ্যুতিক ও নিরাপত্তা সংক্রান্ত যন্ত্রপাতির ব্যবহার ও সচেতনতা বৃদ্ধি করতে হবে।<br><br>নিরাপত্তা-পরিদর্শন কার্যক্রম নিয়মিতভাবে সম্পাদন করতে হবে। সার্বিক নিরাপত্তা ব্যবস্থা কোম্পানির ভিজিলেন্স কমিটি নিয়মিত মনিটর করবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৬.৫। | কোম্পানির চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণ। | বাজেট সীমার মধ্যে চিকিৎসার ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। পরিচালনা বাজেটের সার্বিক কার্যক্রমে ব্যয় সংকোচন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৭.০। | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় সন্তোষ প্রকাশ করে উল্লেখ করেন যে, কোম্পানির ২০২৩-২৪ অর্থবছরের অপারেশনাল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালিত হয়েছে। তবে, কিছু ক্ষেত্রে বাজেট ভেরিয়েন্স হয়েছে যার যৌক্তিকতা তুলে ধরে পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে। তিনি ২০২৪-২৫ অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সচেষ্ট থাকার এবং দেশের বর্তমান অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে ব্যয় সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের সাম্প্রতিক নির্দেশনা যথাযথ অনুসরণের জন্য সকলের প্রতি অনুরোধ জানান। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৪ আশ্বিন ১৪৩১
২৯ সেপ্টেম্বর ২০২৪

১৫-১০-২০২৪
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৪.১৩৪

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং), রিজার্ভয়ার ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। ব্যবস্থাপক (উন্নয়ন), উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। ব্যবস্থাপক (মেঘনা) (অতিরিক্ত দায়িত্ব), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৯। ফিল্ড ইনচার্জ, কামতা ফিল্ড, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১৫-১০-২০২৪
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক